পাবনায় নারী নির্যাতন বন্ধে মানববন্ধন অনুষ্ঠিত

শহর প্রতিনিধি : ‘রঙিন পৃথিবীর রঙিন
আলো সকল নারী থাকুক ভাল’ এই
শ্লোগান নিয়ে বুধবার শহরের আদর্শ
গার্লস হাই স্কুলের সামেন বিশাল এক
মানববন্ধন অনুষ্ঠিত হয়।

নারী নির্যাতন নির্মূল করণে প্রচারাভিযান পক্ষ-২০১৬ উপলক্ষে ব্র্যাক ও মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তরের যৌথ উদ্যোগে এই মানববন্ধন রচণা করা হয়। মানববন্ধনে বিদ্যালয়ের বিভিন্ন শ্রেনীর শিক্ষার্থী, স্কুল ম্যানেজিং কমিটি, অভিভাবক, শিক্ষকসহ বিভিন্ন পেশাজীবিরা অংশ গ্রহন করেন।

মানববন্ধন সমাবেশে উপস্থিত ছিলেন, পৌরসভার প্যানেল মেয়র ফরিদুল ইসলাম ডালু, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জোবায়দা খাতুন, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা মতিউর রহমান, প্রধান শিক্ষক আমানুল্লাহ খান, সহকারী প্রধান শিক্ষক উম্মে সালমা কোহিনুর, অভিভাবক সদস্য, আব্দুল হাকিম, মমতাজ কলি, ব্র্যাকের সামাজিক ক্ষমতায়ন কর্মসূচির সিনিয়র জেলা ব্যবস্থাপক লুইস গমেজ, ব্রাকের এইচ এন পিপি গোলাম আজম, সেক্টর স্পেশালিষ্ট হাসিনা আকতার প্রমুখ।

মেয়েদের জন্য নিরাপদ নাগরিকত্ব (মেজনিন) কর্মসূচি ব্যাকের আয়োজনে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়।